

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৩৪

সোনামুড়া, ১৫ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
মোহনভোগ রাজ্যে বিকাশ শিবির

মোহনভোগ রাজ্য অফিস প্রাঙ্গনে সম্প্রতি বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মহাকুমা প্রশাসনের পক্ষ থেকে ৪৩টি পিআরআরটিসি, ৩১টি ইনকাম, ১২টি এসসি, ২৩টি ওবিসি, ৯টি বিবাহ-নিবন্ধনকরণ, ৪টি এসটি, এবং ৫টি ডিস্ট্রেন্স সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ১ জনকে আভা কার্ড এবং ৬ জনকে আয়ুজ্ঞান কার্ড প্রদান করার জন্য নাম নথিভুক্ত করা হয়। এছাড়া ৩১ জন রোগীকে চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। শ্রম দপ্তর থেকে ৪৫ জনকে ই-শ্রম কার্ড প্রদান করার জন্য নাম নথিভুক্ত করা হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ২৪ টি পরিবারকে গৃহ পালিত পশু-পাখির রোগ নিরোধক ঔষধ দেওয়া হয়। বন দপ্তর থেকে ২৯ জনকে বিভিন্ন গাছের চারা দেওয়া হয়। কৃষি ও কৃষককল্যাণ দপ্তর থেকে ১১ জন কৃষককে কিষাণ ক্রেডিট কার্ডের আওতায় আনার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া মৎস্য দপ্তর থেকে ১০ জন মাছ চাষীকে মাছের রোগ প্রতিরোধের জন্য ঔষধ দেওয়া হয়। এছাড়া মাছ চাষের প্রচার পুষ্টিকা বিলি করা হয়।
